কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

তারিখঃ ০২ জানুয়ারি, ২০২০ খ্রিঃ।

নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১৮- 278

বিষয়ঃ **কৃষি বিপণন অধিদপ্তরের জানুয়ারি/২০২০ মাসের সমন্বয় সভার নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি, ২০২০ খ্রিঃ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরের সভা কক্ষে অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে জানুয়ারি /২০২০ মাসের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী সভার কার্যপত্র-০১(এক) সেট।

সভার আলোচ্যসূচীঃ

১। গত ১১/১২/২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
২। গত ১১/১২/২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পর্যালোচনা।
৩। বাজারদর পর্যালোচনা বিষয়ে প্রতিবেদন উপস্থাপন ( উপ-পরিচালক, বাজার সংযোগ)।
৪। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন ( উপ-পরিচালক, বাজার সংযোগ)।
৫। গবেষণা শাখার কার্যক্রম বিষয়ে প্রতিবেদন উপস্থাপন ( উপ-পরিচালক, গবেষণা)।
৬। নন-ট্যাক্স রেভিনিউ আদায় ও মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন ( উপ-পরিচালক, আরইটিসি)।
৭। গুদাম ব্যবস্থাপনা শাখার কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন ( উপ-পরিচালক, গুদাম ব্যবস্থাপনা)।
৮। সদর দপ্তর ও বিভাগীয় পর্যায়ে ই-ফাইলিং সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন ( ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি শাখা)।
৯। জেলাওয়ারী লাইসেন্সের হালনাগাদ হিসাব প্রদান (সহকারী পরিচালক, বাজার নিয়ন্ত্রণ ও সম্প্রসারণ)।
১০। বিবিধ।

02.01.2020
(ইকবাল হোসেন চাকলাদার)
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৫৫০২৮৩৯১

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। ..................................................................
..................................................................
কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।

অনুলিপিঃ

১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (সমন্বয় সভার নোটিশ ও কার্যপত্র ওয়েব-সাইটে প্রকাশের ব্যবস্থা নিন)।
২। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (সভায় উপস্থিত সদস্যদের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন)।
৩। পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
**www.dam.gov.bd**

## কৃষি বিপণন অধিদপ্তরের জানুয়ারি, ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যপত্রঃ

আলোচ্যসূচী-১ : ১১ ডিসেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

১১ ডিসেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী ১৯ ডিসেম্বর, ২০১৯ তারিখে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে সংশোধনের জন্য লিখিত কোন প্রস্তাব পাওয়া যায়নি।

আলোচ্যসূচী-২ : ১১ ডিসেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ২.১ | বাজার সংযোগ শাখা (বাজারদর পর্যালোচনা): | ১: (ক) ঢাকার সাথে লোকাল বাজারের চালের মূল্যের বড় ধরনের পার্থক্য থাকার কারণ নির্ণয় ও করণীয় নির্ধারণ পূর্বক উপ-পরিচালকগণ লিখিত সুপারিশ প্রদান করবেন। প্রধান কার্যালয়ের গবেষণা শাখা এর উপর প্রতিবেদন প্রস্তুত করবেন। যে সকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), চাল (সরু, মাঝারী ও মোটা) ও সকল প্রকার সব্জিসহ কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে বিভাগীয় উপ-পরিচালকগণ মনিটরিং জোরদার করবেন এবং পণ্য মূল্য বৃদ্ধির কারণ ব্যাখ্যাসহ যথাসময়ে সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | ক) বিভাগীয় কার্যালয় থেকে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও এ বিষয়ে বিভাগের সার্বিক অবস্থা বিভাগীয় উপ-পরিচালকগণ সভাকে অবহিত করতে পারেন। |
| | | খ) সকল জেলা থেকে যেন একই ধরনের বাজারদর আসে সেটি নিশ্চিত করতে প্রধান কার্যালয় থেকে বাজারদর সংগ্রহের জন্য সাধারণ একটি ফরম তৈরী করে দিতে হবে এবং বাজারে যে পণ্য সবচেয়ে বেশি পাওয়া যায় সেটির মূল্যই দিতে হবে। যেমনঃ রুই মাছ বলতে ১-২ কেজি ওজন বিশিষ্ট রুই মাছ। | খ) ফরম প্রস্তুত করে কার্যক্রম ত্বরান্বিত করতে বিভাগীয় কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। |
| | | গ) বাজারদর সংগ্রহকারীরা প্রকৃত অর্থেই যেন বাজারদর সংগ্রহ করে সে ব্যাপারে একটি নির্দেশনা পত্র প্রেরণ করতে হবে। Viber/Imo-তে মহাপরিচালক মহোদয় যে কোন DMO/DMI-কে ফোন করতে পারেন। এ বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করতে | গ) বিভাগীয় কার্যালয় থেকে সিদ্ধান্ত বাস্তবায়নে সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/সহকারী পরিচালক/ডিএমও/ডিএমআইদের নির্দেশনা প্রদান করা হয়েছে। Viber/Imo-তে মহাপরিচালক মহোদয় যে কোন |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | হবে। | DMO/DMI-দের সাথে কথা বলার বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণ সভাকে অবহিত করতে পারেন।<br><br>**বিস্তারিত প্রতিবেদন (পরিশিষ্ট-ক)** |
| ২.২ | **বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ** | ১: (ক) উৎপাদন খরচ (Cost of Production) নির্ণয় পূর্বক যৌক্তিক মূল্য নির্ধারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঢাকা শহরে যেভাবে যৌক্তিক মূল্য নির্ধারণ করা হয়েছে ঐ একই প্রক্রিয়ায় বিভাগ ও সকল জেলায় যৌক্তিক মূল্য নির্ধারণ করতে হবে। মূল্য যৌক্তিকভাবে নির্ণয় করা হয়েছে কিনা বিভাগীয় উপ-পরিচালকগণ দেখবেন এবং নিয়মিত তদারকি করবেন। | ক) এ সংক্রান্ত বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণ সভাকে অবহিত করবেন। |
| | | খ) কৃষি পণ্যের ব্রান্ডিং এর জন্য কি করা যেতে পারে তার রূপরেখা প্রণয়ন করতে হবে। সকল বিভাগীয় উপ-পরিচালক বিভাগ থেকে কি কি পণ্য ব্রান্ডিং করা যায় তা যাচাই পূর্বক মহাপরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন এবং সুপারশপগুলোতে (আম, মাটা, ইলিশ ইত্যাদি যে জেলায় যেটি বিখ্যাত সেই পণ্যের) ব্র্যান্ডিং কর্ণার স্থাপন করার উদ্যোগ নিতে হবে এবং বাজার সংযোগের ব্যবস্থা করে দিতে হবে। | খ) কৃষি পণ্যের ব্রান্ডিং এর জন্য রূপরেখা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জেলাসমূহ এ বিষয়ে কার্যক্রম শুরু করেছে। ব্রান্ডিং এর জন্য প্রস্তাব পাবার পর যাচাই পুর্বক প্রতিবেদন প্রস্তুত করে সদর দপ্তরে প্রেরণ করা হবে। |
| | | গ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও অন্যান্য সংশ্লিষ্ট অংশীজনের সাথে কথা বলে জেলায় জেলায় নিরাপদ খাদ্য কর্ণার চালু করতে হবে। কর্ণারগুলোতে যাতে খাদ্যের মান নিরাপদ থাকে সেজন্য পরিদর্শন ও পরিবীক্ষণ করতে হবে এবং জেলা ভিত্তিক কয়টি খাদ্য কর্ণার চালু হয়েছে সমন্বয় সভায় তার প্রতিবেদন দাখিল করতে হবে। | গ) এ সংক্রান্ত বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণ সংশ্লিষ্ট জেলাসমূহের কাজের অগ্রগতি সভাকে অবহিত করবেন। |
| | | ঘ) কৃষকদেরকে কৃষকের বাজার বা নিরাপদ সবজি কর্ণারে সজি বিক্রয়ে উৎসাহ বা প্রেরণা দিয়ে বাজারগুলোকে জনপ্রিয় করে তুলতে হবে। এজন্য এ বিষয়ে একটি সাধারণ শ্লোগান সম্বলিত ব্যানার তৈরি করতে হবে। | ঘ) এ বিষয়ে সহকারী পরিচালক তৌহিদ মোঃ রাশেদ খান সভাকে অবহিত করবেন। |
| | | ঙ) প্রধান কার্যালয় হতে সময়ে সময়ে নিরাপদ খাদ্য কর্ণার পরিদর্শন করতে হবে। | ঙ) এ বিষয়ে কার্যক্রম চলমান আছে।<br><br>**বিস্তারিত প্রতিবেদন (পরিশিষ্ট-খ)।** |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ২.৩ | গবেষণা শাখা | ১: ক) নিরাপদ খাদ্য কর্ণার কার্যকরী করার জন্য জেলা প্রশাসকগণের সাথে আগামী সপ্তাহে Video Conference এর ব্যবস্থা করতে হবে। এবিষয়ে বিভাগীয় উপ-পরিচালক/ডিএমও/ডিএমআইগণকে কার্যকরী পদক্ষেপ নিতে হবে। | ক) সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| | | খ) সংশ্লিষ্ট জেলাসমূহের গুরুত্বপূর্ণ কৃষি পণ্যের উৎপাদন তথ্য, আমদানী, চাহিদা ও সরবরাহ পরিস্থিতি প্রতিবেদন আকারে এবং গবেষণা শাখা সবগুলো একত্রিত করে সমন্বয় সভায় উপস্থাপন করবেন ও সকল শাখায় কপি সরবরাহ করবেন। | খ) বিভাগ ও জেলা পর্যায় হতে প্রাপ্তি সাপেক্ষে কম্পাইল করে উপস্থাপন করা হবে। |
| | | গ) কমপক্ষে ১০টি পণ্যের আন্তর্জাতিক বাজারদর সংগ্রহ করতে হবে এবং অন্যান্য নিত্য প্রয়োজনীয় পণ্যের সংখ্যা বাড়াতে হবে। | গ) বাজারদর নিয়মিত সংগ্রহ করা হচ্ছে। |
| | | ঘ) ধান, চাল, পিঁয়াজ, আদা, আলু, টমেটো ও দেশীয় ফলের উৎপাদন ও জমির পরিমাণসহ তথ্য, আমদানী ও রপ্তানীর তথ্য মৌসুম ভিত্তিক সমন্বয় সভায় উপস্থাপন এবং প্রত্যেক শাখায় প্রেরণের ব্যবস্থা রাখতে হবে। | (ঘ) বিভিন্ন ফসলের উৎপাদন ও জমির পরিমাণের তথ্য সংগ্রহপূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। |
| | | ঙ) কৃষি সংক্রান্ত বিভিন্ন পত্রিকা, প্রিন্ট, ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রচারিত সংবাদ সংগ্রহ ও সংকলন করার জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের লক্ষ্যে অফিস আদেশ প্রদান করতে হবে। যিনি মহাপরিচালক বরাবর এবং সকল শাখায় প্রেরণের ব্যবস্থা নিবেন। | (ঙ) এ বিষয়ে সহকারী পরিচালক, জনাব মোঃ বায়েজীদ বোস্তামীকে দায়িত্ব প্রদান করা হয়েছে। |
| | | চ) গুরুত্বপূর্ণ কৃষি পণ্যের বাজার মূল্যের আগাম প্রক্ষেপণ সঠিকভাবে নির্ণয় করতে হবে যাতে মন্ত্রণালয় তথা সরকারের কাছে অধিদপ্তরের গ্রহণযোগ্যতা ও ভাবমূর্তি বাড়ে। | চ) কার্যক্রম চলমান আছে।<br>**বিস্তারিত প্রতিবেদন (পরিশিষ্ট-গ)।** |
| ২.৪ | আরইটিসি শাখা | ১:(ক) নতুন-নতুন ব্যবসায়ীকে লাইসেন্সের আওতায় আনয়ন পূর্বক লাইসেন্সের সংখ্যা ও নন-ট্যাক্স রেভিনিউ আদায় বৃদ্ধি করতে হবে এবং এ জন্য মাঠ পর্যায়ে আরো সচেতনতা বৃদ্ধি করতে হবে। | ক) নতুন-নতুন ব্যবসায়ীকে লাইসেন্সের আওতায় আনয়ন এবং নন-ট্যাক্স রেভিনিউ আদায় বৃদ্ধি করার জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| | | খ) লাইসেন্স প্রক্রিয়া সহজিকরণে অনলাইন লাইসেন্স প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | খ) কার্যক্রম অব্যাহত আছে। |
| | | গ) লাইসেন্সের বকেয়া আদায়ের জন্য বিভাগীয় উপ-পরিচালকগণকে পদক্ষেপ নিতে হবে এবং | গ) এ ব্যাপারে বিভাগগুলো হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে বরিশাল |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | বকেয়া কেন আদায় হয়নি তার কারণ ও সুপারিশ আগামী ১৫ দিনের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | বিভাগের ০৪টি জেলা থেকে জবাব পাওয়া গিয়েছে বাকী ০২টির জবাব পাওয়ার পর প্রতিবেদন প্রেরণ করবে। |
| | | ঘ) লাইসেন্সের হালনাগাদ তালিকা প্রণয়ন করার জন্য পত্র দেয়া হয়েছিল। তালিকা প্রণয়ন করে ডাটাবেজ করতে হবে। রেজিষ্টার maintain করতে হবে এবং বাতিলযোগ্য লাইসেন্স বাতিল করতে হবে। | ঘ) লাইসেন্সের হালনাগাদ তালিকা প্রনয়নের জন্য তথ্য ছক ডি এম ও/ডি এম আইদের প্রদান করা হয়েছে। তাছাড়া যথাযথ নিয়ম অনুসরণ পুর্বক লাইসেন্সের হালানাগাদ তালিকা ও বাতিলযোগ্য লাইসেন্সের তালিকা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| | | ঙ) কৃষি বিপণন বিধিমালাতে যৌক্তিক মূল্যের ব্যাপারে সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করতে হবে। | ঙ) বিধিমালায় যৌক্তিক মূল্যের ব্যাখ্যা সন্নিবেশ এর বিষয়ে পর্যালোচনা অব্যাহত রয়েছে যা শীঘ্রই অন্তর্ভূক্ত করে অবহিত করা হবে। |
| | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের জেলা ভিত্তিক বিভাজন। | ২:(ক) প্রতিমাসে বিভাগীয় কার্যালয়সমূহের মাসিক প্রশিক্ষণের রিপোর্ট প্রেরণ করতে হবে। | (ক) প্রতিবেদন প্রেরণ অব্যাহত আছে। |
| | | খ) আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে বরাদ্দকৃত অর্থ হতে শুধুমাত্র কৃষক, কৃষি ব্যবসায়ী ও কৃষি উদ্যোক্তাদের প্রশিক্ষণ দিতে হবে। সেখানে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের বরাদ্দ হতে কোন ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করা যাবে না। | খ) আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে বরাদ্দকৃত অর্থ হতে কৃষক, কৃষি ব্যবসায়ী ও কৃষি উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয়েছে। |
| | | গ) সহকারী পরিচালক (প্রশিক্ষণ)কে নিজের এলাকার শিল্প কারখানা পরিদর্শন করতে হবে এবং প্রশিক্ষণ পরিকল্পনা /ম্যানুয়েল তৈরী করে পাঠাতে হবে। | গ) প্রশিক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের প্রশিক্ষণ পরিকল্পনা/ ম্যানুয়াল তৈরী করার জন্য সহকারী পরিচালক (প্রশিক্ষণ)কে নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| | | ঘ) APA চুক্তি অনুসারে প্রশিক্ষণ কেন্দ্রগুলোকে প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করতে হবে। | ঘ) বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে APA চুক্তি অনুসারে প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে। |
| | | ঙ) বিভাগীয় পর্যায় হতে কৃষক/উদ্যোক্তাসহ প্রশিক্ষণের প্রতিবেদন আবশ্যিকভাবে প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | ঙ) বিভাগীয় পর্যায় হতে কৃষক/ উদ্যোক্তাসহ প্রশিক্ষণের প্রতিবেদন ৩০ তারিখের মধ্যে প্রেরণ করার পদক্ষেপ নেয়া হয়েছে। |
| | | চ) ডিপিপি এবং পিপিএনবি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | চ) প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। |
| | | ছ) কর্মকর্তাদের জন্য প্রতি সমন্বয় সভার পুর্বের দিন, ৩য় শ্রেণির জন্য ৩য় সপ্তাহে এবং ৪র্থ শ্রেণির জন্য ৪র্থ | ছ) নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে। |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | সপ্তাহে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | বিস্তারিত প্রতিবেদন (পরিশিষ্ট-ঘ)। |
| ২.৫ | প্রশাসন শাখাঃ | ক) আগামী ০২ সপ্তাহের মধ্যে গবেষণা কার্যক্রম জোরদার করার জন্য একটি কমিটি গঠন করে দিতে হবে এবং গবেষণা কার্যক্রমের একটা রূপরেখা প্রস্তুত করতে হবে।<br>খ) মহাপরিচালক মহোদয়ের পিএ-এর কক্ষে একটি Bookshelf স্থাপন করতে হবে।<br>গ) সহকারী পরিচালক (প্রশিক্ষণ), খুলনা-কে খুলনা বিভাগীয় কার্যালয়ে সংযুক্তি দিতে হবে এবং খুলনা বিভাগীয় অফিসের সকল প্রকার ফাইল সহকারী পরিচালক (প্রশিক্ষণ) এর মাধ্যমে উপস্থাপন ও নিষ্পন্ন হবে। | ক) এ বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে।<br>খ) এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>গ) সিদ্ধান্তটি বাস্তবায়িত হয়েছে। |
| ২.৬ | নীতি ও পরিকল্পনা শাখা | ১: (ক) নতুন প্রকল্পের সারসংক্ষেপ তৈরী করে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ জেলা বাজার কর্মকর্তার মাধ্যমে এ মাসের মধ্যেই পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের ব্যবস্থা করবেন।<br>খ) প্রত্যেক উপ-পরিচালক স্ব স্ব এলাকা ভিত্তিক ডিপিপি/পিপিএনবি (প্রকল্প/কর্মসূচী) আগামী ৩০ নভেম্বর, ২০১৯ এর মধ্যে জমা দিবেন।<br>গ) প্রস্তুতকৃত ভ্যালু চেইন প্রকল্পের অধীনে চট্টগ্রাম হিলট্রাকস, দোহাজারী, মিরের সরাই ইত্যাদি এলাকায় এ্যাসেম্বল সেন্টার /কোল্ড স্টোরেজ নির্মাণের ব্যবস্থা নিতে হবে। | ক) এসএসিপিঃ প্রকল্প সারসংক্ষেপ এর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন চূড়ান্ত করা হয়েছে। জেলা বাজার কর্মকর্তা/জেলা বাজার অনুসন্ধানকারী এর মাধ্যমে এ মাসেই প্রেজেন্টেশনের ব্যবস্থা করা হবে।<br>ফুল প্রকল্পঃ ইতোমধ্যে প্রকল্প সংশ্লিষ্ট জেলায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন পাঠানো হয়েছে।<br>খ) সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সমন্বয় সভায় উপস্থাপন করা যেতে পারে।<br>গ) চট্টগ্রাম হিলট্রাকস, দোহাজারী, মিরের সরাই এলাকায় এ্যাসেম্বল সেন্টার/কোল্ড ষ্টোরেজ নির্মাণের জন্য মন্ত্রণালয়ে ইতোমধ্যে প্রেরিত ডিপিপি'র যাচাই কমিটির সভার পরে ডিপিপি সংশোধনকালে প্রয়োজনীয় সংস্থান করা হবে। প্রস্তাবিত এলাকায় জমি প্রাপ্তির বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালক সভাকে অবহিত করবেন। |
| ২.৭ | গুদাম ব্যবস্থাপনা শাখা | ১. ক) শস্যগুদাম ঋণ কার্যক্রম উন্নয়ন এবং কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তিতে করণীয় বিষয় দুটিকে একত্র করে বড় আকারে একটি workshop এর আয়োজন করতে | (ক) এর পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ অব্যাহত আছে। |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | হবে। এ বিষয়ে এপ্রিল/২০২০ মাসে ০২ জন key note speaker ঠিক করতে হবে<br><br>খ) শগঋকসহ SMG group, FMG group এবং সম্প্রতি শেষ হওয়া প্রকল্প/কর্মসূচীর Farmer's গ্রুপ ডাটাবেজ তৈরী করে ৩০ জানুয়ারী/২০২০ এর মধ্যে প্রধান কার্যালয়ে পাঠাতে হবে।<br><br>গ) শগঋক কার্যক্রম জনপ্রিয়করণে/সম্প্রসারণে প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে এবং কার্যক্রমের তালিকা প্রস্তুত পূর্বক অবহিত করণের জন্য মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবেন।<br><br>ঘ) বাংলাদেশ ব্যাংকের জেনারেল ম্যানেজারের সাথে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা আয়োজন করতে হবে। | খ) এর পরিপ্রেক্ষিতে আঞ্চলিক ব্যবস্থাপক, রংপুর/শেরপুর/মাগুরা ও মাঠ কর্মকর্তা, বরিশাল বরাবর ২৩-১২-২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>গ) এর পরিপ্রেক্ষিতে মাঠ পর্যায় হতে প্রাপ্ত শগঋক কার্যক্রম জনপ্রিয়করণে/সম্প্রসারণে প্রচারণামূলক কার্যক্রম কম্পাইল করা হয়েছে। মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করা হয়েছে। উল্লেখ্য, ইতোমধ্যে লিফলেট ও পোষ্টার ছাপানো সম্পন্ন করে গুদাম পর্যায়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও বুশিয়ার ও শস্য পঞ্জিকা ছাপানোর লক্ষ্যে অনুমোদনের জন্য নথিতে উপস্থাপন করা হয়েছে।<br><br>ঘ) এর পরিপ্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের সংগে আলোচনাক্রমে ২৩/১২/২০১৯ তারিখে সকাল ১১.৩০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে সভা সম্পন্ন হয়েছে।<br><br>**গুদাম ব্যবস্থাপনা শাখার কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন (পরিশিষ্ট-ঙ)** |
| ২.৮ | হিসাব শাখাঃ অডিট আপত্তি এবং পেনশন সংক্রান্ত তথ্য উপস্থাপন। | ১: (ক) বিভাগীয় উপ-পরিচালকগণ জেলা অফিসমূহ নিয়মিতভাবে মনিটরিং করবেন এবং মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হবে।<br><br>খ) জেলা শহরের দৃশ্যমান স্থান বিশেষ করে জেলা প্রশাসক অফিস/ অফিস পাড়ায়/ জেলা সদর বাজারের আশে পাশে/ মেইন রোর্ডের পার্শ্বে প্রভৃতি দৃশ্যমান স্থানে জেলা অফিস স্থানান্তর করা হবে। এসব স্থানে অফিসের জন্য নতুন বাড়ি ভাড়া করতে হবে এবং অফিসের ডেকোরেশন সুন্দর করতে হবে। অফিস কাম বাসা হবে না। এপ্রিল/২০২০ এর মধ্যে অফিস শিফট্ করতে হবে এবং এজন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ বাড়াতে হবে।<br><br>(গ) কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক নির্মিত প্রশিক্ষণ কেন্দ্রসমূহে কৃষকদের/উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদানের | ক) জেলা অফিসমূহ নিয়মিতভাবে মনিটরিং করা হচ্ছে।<br><br>খ) এ বিষয়ে কার্যক্রম চলমান আছে।<br><br>গ) প্রশিক্ষণ কেন্দ্রসমূহে কৃষকদের/ উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে রাজস্ব |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | লক্ষ্যে রাজস্ব খাত হতে অর্থ বরাদ্দের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | খাত হতে অর্থ বরাদ্দের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | | (ঘ) খুলনা ও রংপুর বিভাগ হতে জেলাওয়ারী লাইসেন্সের হালনাগাদ তথ্য জরুরী ভিত্তিতে পাঠানো নিশ্চিত করতে হবে। | (ঘ) খুলনা বিভাগের জেলা ওয়ারী লাইসেন্সের হালনাগাদ তথ্য ২৪/১২/২০১৯ তারিখে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। রংপুর বিভাগ থেকে জানানো হয় হালনাগাদের কাজ শেষ পর্যায়ে। ইহা ডিসেম্বর মাসের মধ্যে প্রেরণ করা হবে। |
| | | (ঙ) যে সব বিভাগের লাইসেন্সের তথ্য পাওয়া গিয়েছে সে সব তথ্য যাচাই-বাছাই করতে হবে। প্রাপ্ত তথ্যের অনেকাংশ সঠিক না হওয়ায় এতদ্‌বিষয়ে সঠিক তথ্য প্রেরণের জন্য পত্র দিতে হবে। | ঙ) যে সব বিভাগের লাইসেন্সের তথ্য পাওয়া গিয়েছে সে সব তথ্য যাচাই-বাছাই করা হচ্ছে। প্রাপ্ত তথ্যের অনেকাংশ সঠিক না হওয়ায় এতদ্‌বিষয়ে সঠিক তথ্য প্রেরণের জন্য ২৭/১১/২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। |
| | | চ) ৩০ ডিসেম্বর/২০১৯ তারিখের মধ্যে সকল লাইসেন্সের ডাটাবেজ প্রস্তুত করতে হবে এবং ডাটাবেজের একটা সাধারণ ফর্ম তৈরী করে দিতে হবে। | চ) হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী পরিচালক (বাজার নিয়ন্ত্রণ ও সম্প্রসারণ) সভায় আলোচনা করতে পারেন। |
| | খ) বাজেট ব্যবস্থাপনা কমিটি, Quarterly Budget Meeting, বাজেট প্রণয়ন ও বাজেট বরাদ্দ অনুসারে ব্যয়। | ২:ক) মাসিক সমন্বয় সভার সাথে Quarterly Budget Meeting করতে হবে। | ক) মিটিং করা হয়েছে। |
| | | খ) বাজেট ব্যবস্থাপনা কমিটি প্রত্যেক শাখার সাথে আলোচনা করে বাজেট/রিভাইজ বাজেট প্রণয়ন করবে। অন্যথায় কোন বাজেট যাবে না। | খ) কার্যক্রম চলমান আছে। |
| ২.৯ | ICT শাখা | ১: (ক) জেলা ও বিভাগীয় পর্যায় হতে কমপক্ষে ৫০% পত্র ই-ফাইলে প্রেরণ করতে হবে। | ক) এ বিষয়ে জেলা ও বিভাগীয় কার্যালয়সমূহে পত্র প্রেরণ করা হয়েছে। |
| | | খ) প্রশিক্ষণ কেন্দ্র ও শগঋক এর আঞ্চলিক কার্যালয়গুলোকে ই-ফাইলে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | খ) প্রশিক্ষণ কেন্দ্র ও শগঋক এর আঞ্চলিক কার্যালয়গুলোকে ই-ফাইলে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| | | গ) মন্ত্রণালয়ে কোন ফাইল হার্ড ফাইলে যাবে না। | গ) এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | | (ঘ) যে সকল জেলায় অদ্যাবধি ই-ফাইলে কার্যক্রম শুরু করা হয়নি বা ই-ফাইলে কাজের অগ্রগতি সন্তোষজনক নয় সে সকল জেলার বাজার কর্মকর্তাদের শোকজ দিতে হবে। | ঘ) প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে পত্র প্রেরণ করা হবে। |
| | | ঙ) যে সমস্ত জেলা অনলাইনে বাজারদর প্রেরণে পিছিয়ে আছে তাদেরকে নিয়মিত বাজারদর আপলোডের বিষয়ে | ঙ) অনলাইনে বাজারদর আপলোড বিষয়ে প্রায় প্রতিটি জেলা সঠিক সময়ে বাজারদর |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | তাগাদা দিতে হবে এবং অধিক অনিয়মকারী জেলাসমূহকে শোকজ দিতে হবে।<br><br>চ) কৃষি বিপণন অধিদপ্তরের website কে user friendly করার জন্য গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী সমন্বয় সভায় উপস্থাপন করবেন।<br><br>ছ) অনলাইন বাজারদর ভেরিফায়ার কমিটির কার্যপরিধিসহ ভাষাগত পরিবর্তন করতে হবে।<br><br>জ) এ্যাসেম্বল সেন্টার, শগঋক ও কৃষি বিপণন অধিদপ্তরের রেস্ট হাউস পরিচালনা নীতিমালা ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | আপলোড করছে।<br><br>চ) কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।<br><br>ছ) ভাষাগত পরিবর্তন করে পত্র জারি করা হয়েছে।<br><br>জ) এ্যাসেম্বল সেন্টার, শগঋক ও কৃষি বিপণন অধিদপ্তরের রেস্ট হাউস পরিচালনা নীতিমালা ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।<br>**সদর দপ্তর, বিভাগীয় কার্যালয় এবং জেলা কার্যালয়সমূহের ই-নথি কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন (পরিশিষ্ট-চ) দেখানো হলো।** |
| ২.১০ | **APA: কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি।** | ১: (ক) ২০১৯-২০২০ অর্থবছরের APA-চুক্তি অনুযায়ী সকল বিভাগের উপ-পরিচালক এবং সদর দপ্তরের সকল শাখা প্রধানগণ তাঁদের স্ব-স্ব সূচকের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে ১০০% কার্যাদি সম্পন্নপূর্বক প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ এবং প্রত্যেক সমন্বয় সভায় মাসিক অগ্রগতি উপস্থাপন করবেন।<br><br>(খ) ২০১৯-২০২০ অর্থবছরের APA'র বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে সংযুক্ত প্রমাণকসমূহ যেন বস্তুনিষ্ঠ হয় সে বিষয়টি বিভাগীয় উপ-পরিচালকগণ নিশ্চিত করবেন।<br><br>(গ) সিটিজেন চার্টার অনুযায়ী APA'র কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে জোর প্রচেষ্টা চালাতে হবে।<br><br>ঘ) APA চুক্তি অনুসারে শাখাসমূহের লক্ষ্যমাত্রার তথ্য প্রত্যেক শাখায় প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **ক) সকল বিভাগীয় উপপরিচালক এবং প্রকল্প পরিচালকঃ** APA চুক্তি অনুযায়ী প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে নির্ধারিত ছক মোতাবেক প্রেরণ করা হবে।<br><br>খ) প্রচেষ্টা অব্যাহত আছে।<br><br>গ) সিটিজেন চার্টার অনুযায়ী APA'র কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত আছে।<br><br>ঘ) APA চুক্তি অনুসারে শাখাসমূহের লক্ষ্যমাত্রার তথ্য প্রত্যেক শাখায় প্রেরণ করা হয়েছে। |
| ২.১১ | **SDG বাস্তবায়নঃ** কৃষি বিপণন অধিদপ্তরে SDG বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং পরিকল্পনা প্রণয়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে একটি অবহিতকরণ কর্মশালা আয়োজনের | (১) SDG বাস্তবায়নের লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট লক্ষ্যসমূহ সুনির্দিষ্টকরণ পূর্বক লক্ষ্য পূরণের উদ্দেশ্যে গৃহিত কার্যক্রমের তালিকা প্রস্তুত করতে হবে।<br><br>খ) বিভাগ/জেলা পর্যায়ে SDG বিষয়ে প্রশিক্ষণের | ক) SDG বাস্তবায়নের লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট লক্ষ্যসমূহ সুনির্দিষ্টকরণ পূর্বক লক্ষ্য পূরণের উদ্দেশ্যে গৃহিত কার্যক্রমের তালিকা প্রস্তুত করা হয়েছে।<br><br>খ) SDG বিষয়ে প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | জন্য সভায় একমত পোষণ করা হয়। | ব্যবস্থা নিতে হবে। | করা হয়েছে। |
| ২.১২ | শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি। | ১: (ক) ত্রৈমাসিক ভিত্তিতে শুদ্ধাচর বিষয়ে পৃথক সভা অনুষ্ঠানসহ মাসিক সমন্বয় সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে। বিভাগীয় কার্যালয়ে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | ক) ১ম ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বিভাগীয় কার্যালয়সমূহ ১ম ত্রৈমাসিক প্রতিবেদন Action Plan এবং Guideline অনুযায়ী যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ করলেও কোন কোন বিভাগ প্রমাণকসমূহ অদ্যাবধি প্রেরণ করেনি। |
| ২.১৩ | তথ্য অধিকার আইন। | (১) তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯-অনুযায়ী তথ্য প্রদান করতে হবে এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | (১) তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯-অনুযায়ী তথ্য প্রদান করা হচ্ছে এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ করা হচ্ছে। |
| ২.১৪ | সেন্ট্রাল মার্কেট পরিচালনা | (১) সেন্ট্রাল মার্কেটের নিজস্ব আয় থেকে জনবল নিয়োগ করতে হবে। | (১) সেন্ট্রাল মার্কেটের নিজস্ব আয় থেকে জনবল নিয়োগের জন্য ইতোমধ্যে ০২টি জাতীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রাপ্ত আবেদনসমূহ নিয়োগ কমিটির সভাপতি বরাবর প্রেরণ করা হয়েছে। |
| ২.১৫ | ইনোভেশন টিম | (ক) ২০১৯-২০ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ) APA চুক্তি অনুসারে ইনোভেশন লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে সচেষ্ট থাকতে হবে। | ক) কার্যক্রম অব্যাহত আছে।<br>খ) ইনোভেশন লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে যথাযথ পদক্ষেপ নেয়া হয়েছে। |
| ২.১৬ | বিবিধ | ক) প্রত্যেক বিভাগীয় উপ-পরিচালক প্রধান কার্যালয়ের উপ-পরিচালকদের ন্যায় সমন্বয় সভায় নিজ নিজ কাজের অগ্রগতি বিষয়ে Presentation উপস্থাপন করবেন।<br>খ) সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন প্রত্যেক মাসের ৩০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। | ক) Presentation উপস্থাপন বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণ সমন্বয় সভায় আলোচনা করতে পারেন।<br>খ) বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। |

02.02.2020

(ইকবাল হোসেন চাকলাদার)
উপ-সচিব
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৫৫০২৮৩৯১